

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা কার্যালয়, উত্তর ছায়াবিথী, গাজীপুর।
E-mail-ddgazipur@dnec.gov.bd

নং- ৫৮.০২.৩৩০০.০০০.১৬.০০৩.১৮- ২ন০

তারিখঃ ২৫/০৪/২০২৩ খ্রিঃ।

বিষয়ঃ রচনা প্রতিযোগিতার আয়োজন প্রসঙ্গে।


সূত্রঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়ের স্মারক নং-৫৮.০২.০০০০.০০৯.০০.০২৩.২১-১১০, তারিখঃ ১১/০৪/২০২৩খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৬ জুন ২০২৩ মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস। উক্ত দিবস উদযাপন উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গাজীপুর কর্তৃক নিম্নবর্ণিত গ্রুপ ভিত্তিক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

রচনা প্রতিযোগিতাঃ

- ১। “ক” গ্রুপঃ ৬ষ্ঠ হতে ৮ম শ্রেণি ও সমমান পর্যায়ের ছাত্র/ছাত্রীদের জন্য (১০০০ শব্দের মধ্যে)।
বিষয়ঃ “মাদকাসক্তি মুক্ত যুবসমাজ ও আমাদের উন্নয়ন”।
- ২। “খ” গ্রুপঃ ৯ম হতে ১০ম শ্রেণি ও সমমান পর্যায়ের ছাত্র/ছাত্রীদের জন্য (১৫০০ শব্দের মধ্যে)।
বিষয়ঃ “বঙ্গবন্ধুর আদর্শে চলি মাদকমুক্ত সোনার বাংলা গড়ি”।
- ৩। “গ” গ্রুপঃ একাদশ হতে স্নাতক ও সমমান পর্যায়ের ছাত্র/ছাত্রীদের জন্য (২০০০ শব্দের মধ্যে)
বিষয়ঃ “মাদককে রুখব, স্মার্ট বাংলাদেশ গড়ব”।

২। এমতাবস্থায়, আপনার কলেজ/বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংগঠনের আগ্রহী শিক্ষার্থীবৃন্দকে বিষয়ভিত্তিক রচনা সাদা কাগজে বাংলা ভাষায় স্পষ্টাক্ষরে স্বহস্তে লিখে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে আগামী ২২/০৫/২০২৩ তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, রচনার প্রথম পাতায় প্রতিযোগীর নাম, পিতা/অভিভাবকের নাম, পত্র যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, অধ্যয়নরত শ্রেণী ও রোল নম্বর এবং খামের উপর গ্রুপের নাম ও মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস লিখতে হবে এবং যোগাযোগের জন্য টেলিফোন/মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। প্রতি গ্রুপ হতে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের পুরস্কৃত করা হবে।


(মোঃ মেহেদী হাসান)
উপপরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা কার্যালয়, গাজীপুর

প্রাপক,

.....
.....
.....

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

- ১। পরিচালক(অপারেশনস), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৪১, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, গাজীপুর (আপনার অধিনস্থ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রচারের অনুরোধসহ)।
- ৪। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বাংলাদেশ শিশু একাডেমী, গাজীপুর (আপনার অধিনস্থ শিক্ষার্থীদের প্রচারের অনুরোধসহ)।
- ৫। জেলা প্রশাসকের গোপনীয় সহকারী। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৬। অফিস কপি।